



দৈনিক পূর্বকোণ

চতুর্থ শনিবার ১৯ আগস্ট ২০২৩

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত



বেজিং নম্বর-৫-৮৯ || প্রতিদিন বর্ষ ১৭৭তম সংখ্যা || ৪ অক্টোবর ১৯৫০ বঙ্গাব্দ || ২ সপ্তম ১৯৪৬ হিজরি || Saturday 19 August 2023 || ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

১৩ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসিতে শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞা, আইআইইউসি'র বক্তব্য

বিভিন্ন গণমাধ্যমে বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল '১৩টি বিশ্ববিদ্যালয়ে ফার্মেসি বিভাগে শিক্ষার্থী ভর্তির বিষয়ে নিষেধাজ্ঞা' শিরোনামে গতকাল ১৮ আগস্ট একটি সংবাদ প্রকাশিত হয়। এ সংবাদটি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর দৃষ্টিগোচর হয়েছে।

এ সংবাদে আইআইইউসি'র ফার্মেসি বিভাগের নামে যেসব তথ্য উল্লেখ করা হয়েছে, যা সঠিক নয়। আইআইইউসিকে এমন কোনো নিষেধাজ্ঞা দেওয়া হয়নি। তাই বিভ্রান্তি নিরসনে আইআইইউসি'র বক্তব্য হলো, আইআইইউসি'র ফার্মেসি বিভাগ বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলের অ্যাক্রিডিটেশন ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদনের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলের প্রতিনিধি দল সম্প্রতি আইআইইউসি'র ফার্মেসি বিভাগ পরিদর্শন করে। সংস্থাটি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের অ্যাক্রিডিটেশন নবায়ন করেছে। পাশাপাশি তারা ফার্মেসি বিভাগের সামগ্রিক উন্নয়নে কিছু পরামর্শ দিয়েছে। এই পরামর্শগুলো বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যে কাজ শুরু করেছে। উল্লেখ্য, আইআইইউসি'র ফার্মেসি বিভাগে পর্যাপ্ত দক্ষ ও যোগ্য শিক্ষক, অত্যাধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব, পর্যাপ্ত কেমিক্যালের ব্যবস্থা ও সমৃদ্ধ লাইব্রেরি রয়েছে। যা শিক্ষার্থীদের পাঠদানের জন্য অত্যন্ত উপযুক্ত। তাই আইআইইউসি কর্তৃপক্ষ, বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ভুল তথ্যে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানাচ্ছে।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 19 August 2023, Page: 3, Col: 3

<https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-08-19>